

স্মারক নং- ৩৭.০২.০০০০.১১৪.২০.৪০১.২৫-৪৭০

তারিখ: ৩০/০৭/২০২৫ খ্রি।

**বিষয়: এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীগণের জন্য 'বিশেষ সুবিধা' প্রদান।**

**সূত্র:** (১) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং: ০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪-১৬৮; তারিখ: ২৩.০৬.২০২৫;  
(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক: ৩৭.০০.০০০০.০০০.০৬৪.২০.০০০১.২৪.৮৭৪; তারিখ :  
১৭/০৭/২০২৫।

উপর্যুক্ত বিষয়ে অর্থ বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক জারিকৃত সূত্রোক্ত পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে যে,

- (ক) “এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান, বেসরকারি মাদ্রাসা ও বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত জাতীয় বেতনস্কেল-এর তুলনীয় গ্রেড-৯ হতে তদুর্ধ্ব গ্রেডে অন্তর্ভুক্ত শিক্ষক-কর্মচারীগণ আগামী ০১ জুলাই ২০২৫ তারিখ হতে প্রতি বছর ০১ জুলাই তারিখে প্রাপ্য মূল বেতনের ১০% হারে এবং গ্রেড-১০ হতে তদনিন্ম গ্রেডে অন্তর্ভুক্ত শিক্ষক-কর্মচারীগণ আগামী ০১ জুলাই ২০২৫ তারিখ হতে প্রতি বছর ০১ জুলাই তারিখে প্রাপ্য মূল বেতনের ১৫% হারে, তবে ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকার কম নয়, ‘বিশেষ সুবিধা’ প্রাপ্য হবেন” এবং
- (খ) অর্থ বিভাগের আদেশ নং- ০৭.০০.০০০০.১৬১.৯৯.০১০.২৩-১৩৩, তারিখ: ১৮/০৭/২০২৩ বাতিল করা হলো”।

এমতাবস্থায়, এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীগণ ০১ জুলাই ২০২৫ তারিখ হতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক নির্ধারিত হারে ‘বিশেষ সুবিধা’ প্রাপ্য হবেন মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।



(মোঃ জাহাঙ্গীর আলম)  
সহকারী পরিচালক (বাজেট)  
ফোন: ০২-৪১০৫২১৬৫

বিতরণ:

- ১। অধ্যক্ষ, বেসরকারি কলেজ (সকল);
- ২। প্রধান শিক্ষক, বেসরকারি মাধ্যমিক/ নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (সকল)।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল); [পরিচালক, আঞ্চলিক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকাল)-কে তাঁর অধীনস্থ সকল বেসরকারি কলেজ এবং বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ];
- ২। উপসচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ৩। উপপরিচালক (সকল);
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশে অনুরোধসহ);
- ৫। জেলা শিক্ষা অফিসার (সকল);
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৭। অফিস কপি।